
প্রথম আলো
সোমবার, ১০ আগস্ট ২০২৬, ২৬ শ্রাবণ ১৪৩৩

North South University Library ★1992★

# এম এ কাশেম আবার সাউথইস্ট ব্যাংকের চেয়ারম্যান

**অর্থ-বাণিজ্য ডেস্ক**



এম এ কাশেম

এম এ কাশেম সাউথইস্ট ব্যাংক পিএলসির চেয়ারম্যান হিসেবে পুনর্নির্বাচিত হয়েছেন। গতকাল রোববার ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৯৬তম সভায় তাঁকে সর্বসম্মতিক্রমে চেয়ারম্যান নির্বাচিত করা হয়। তিনি ব্যাংকের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও উদ্যোক্তা পরিচালক।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে সাউথইস্ট ব্যাংক এই তথ্য জানিয়েছে। এতে বলা হয়, এম এ কাশেম নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ট্রাস্টের প্রতিষ্ঠাতা সদস্য ও চারবার চেয়ারম্যান ছিলেন। তিনি রোজ কর্নার (প্রাইভেট) লিমিটেডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) সাবেক সভাপতি।

এম এ কাশেম দেশের রপ্তানিতে অবদানের জন্য ১৯৮২-৮৩ ও ১৯৮৩-৮৪ সালে প্রেসিডেন্টের রপ্তানি ট্রফি এবং ১৯৯৫ সালে সিআর দাস স্বর্ণপদক পান। এনবিআর তাঁকে ২০১১ ও ২০১৬-১৭ অর্থবছরের সর্বোচ্চ করদাতার পুরস্কার দেয়।